

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি।

### চট্টগ্রামের ছাত্রসমাজকে মুক্তিযুদ্ধের পক্ষে ঐক্যবন্ধ করেছিলেন এম. এ. মান্নান: মেয়র

চট্টগ্রামের ছাত্রসমাজকে মুক্তিযুদ্ধের পক্ষে এম. এ. মান্নান ঐক্যবন্ধ করেছিলেন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার নগরীর দামপাড়াস্থ মুক্তিযুদ্ধকালীন বি. এল. এফ'র পূর্বাঞ্চলীয় অধিনায়ক ও সাবেক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী এবং চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক সভাপতি এম. এ. মান্নানের মৃত্যুবার্ষিকীতে কাউন্সিলরদের সাথে নিয়ে মরহুমের কবরে ফুলেল শুদ্ধা জানাতে গিয়ে এ মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, মরহুম এম. এ. মান্নান ১৯৬৪ সালেই চট্টগ্রাম কলেজের দেয়ালিকায় স্লোগান লিখেছিলেন ‘স্বাধীন পূর্ব পাকিস্তান কায়েম কর’। এছাড়া মুক্তিযোদ্ধাদের গোপন সংগঠন নিউক্লিয়াসের সারাদেশের ৫জন নেতার একজন ছিলেন তিনি। চট্টগ্রামের ছাত্রসমাজকে মুক্তিযুদ্ধের পক্ষে ঐক্যবন্ধ করে মুক্তিযুদ্ধকালীন বি. এল. এফ'র পূর্বাঞ্চলীয় অধিনায়ক হিসেবে চট্টগ্রামের মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। দেশের চলমান উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে ক্ষমতায় রাখতে এম. এ. মান্নানের রাজনৈতিক কৌশল ও আদর্শ অনুসরণ করতে হবে মুজিবসেনাদের।

এসময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, চৌধুরী হাসান মাহমুদ হাসানী, ড. নিছার উদ্দিন মঙ্গু, হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হক ডিউক, সলিম উল্ল্যাহ বাচ্চু, আবুল হাসনাত মো. বেলাল, আবুল মান্নান, পুলক খাস্তগীর, চসিকের উপ-সচিব আশেক রসুল টিপু। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন কলামিস্ট ড. মাসুম চৌধুরী।

### চসিক ভ্রাম্যমান আদালত

নির্মাণাধীন ভবনে এডিস মশার লার্ভা পাওয়ায় এবং রাস্তায় আবর্জনা ফেলার দায়ে

৬ ভবন মালিককে ৬৫ হাজার ৫শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার ডেঙ্গু মশার উৎসস্থল ধৰৎস করার লক্ষ্যে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। চসিকের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহীরীন ফেরদৌস এর নেতৃত্বে নগরীর কাতালগঞ্জে, মির্জাপুর, পাঁচালাইশ থানার মোড়, প্রবর্তক মোড় ও গোলপাহাড় এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বাসা বাড়ির ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করনে।

পরিদর্শনকালে নির্মাণাধীন ভবনের নীচে জমে থাকা পানিতে মশার লার্ভা পাওয়ায় ওয়াজিহম বাগকে ২৫ হাজার, কাতালগঞ্জের আশিয়াসহোম ট্রাপকে ৩০ হাজার, মেয়াদ উল্ল্যাঙ্কুণ্ড দর্ধি বিক্রি করা ও দোকানের সামনে আবর্জনা পাওয়ায় হোম রেসিপিকে ৫ হাজার টাকা রাস্তায় বালি রাখার দায়ে ফিনলে প্রপার্টিজেকে ২ হাজার টাকা, রাস্তায় আবর্জনা ফেলার দায়ে মদন দাশ মেথর কে ২ হাজার এবং দোকানের সামনে আবর্জনা ফেলার দায়ে মোরশেদ স্টেরকে ১ হাজার ৫শত টাকা সহ মামলা রঞ্জু পূর্বক সর্বমোট ৬৫ হাজার ৫শত টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানে অংশনেন চসিক প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম। এছাড়া সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮